জ্বর হলেই অ্যান্টিবায়োটিক খাওয়া ঠিক নয়

সাধারণ জ্বর হলে চিকিৎসকের কাছে যাওয়া খুব জরুরি নয়। তবে কিছু কিছু লক্ষণ আছে, সেগুলো দেখলে অবশ্যই চিকিৎসকের কাছে যেতে হবে। বর্তমানে ডেঙ্গু ভাইরাসের আতঙ্ক চলছে। তাই জ্বর হলে তিন দিনের মধ্যে পরীক্ষা-নিরীক্ষা করাতে হবে। ডেঙ্গু শনাক্ত হলে চিকিৎসকের ব্যবস্থাপত্র ও পরামর্শ অনুযায়ী চিকিৎসা নিতে হবে।

এ ছাড়া ভাইরাল জ্বর সাধারণত চার থেকে পাঁচ দিন স্থায়ী হয়। ভাইরাল জ্বরে নাক দিয়ে পানি পড়ে, চোখ জ্বালাপোড়া করে, মাথাব্যথাসহ বিভিন্ন উপসর্গ দেখা দেয়। কিছু ক্ষেত্রে অবশ্যই চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

আবার জ্বর হলেই অ্যান্টিবায়োটিক খাওয়া ঠিক নয়। তারপরও অনেকে অ্যান্টিবায়োটিক খাওয়া শুরু করেন। কারণ না জেনে অ্যান্টিবায়োটিক খেলে সমস্যা হয়।

আসলে একই ওষুধ বিভিন্নভাবে কাজ করে। একই ওষুধ দেখা যায় কারও ক্ষেত্রে খাওয়া উচিত নয়, কারও ক্ষেত্রে খাওয়া উচিত। তাই চিকিৎসকের পরামর্শ নিয়ে প্রয়োজন হলে অ্যান্টিবায়োটিক খাওয়া যাবে।

প্রথমে লক্ষণ বুঝে চিকিৎসা নিতে হবে। যেমন প্যারাসিটামল খাওয়ার সময় প্রচুর পরিমাণে পানি পান এবং বিশ্রাম নিতে হবে। এতেই অধিকাংশ জ্বর সেরে যায়। তবে জ্বরের সঙ্গে মাথাব্যথা, কাশি ও কফ বের হওয়ার পাশাপাশি কফের সঙ্গে রক্ত গেলে চিকিৎসকের কাছে যেতে হবে। সেটি না হলে ন্যূনতম তিন দিন অপেক্ষা করতে হবে।

ভাইরাল জ্বর সাধারণত তিন থেকে চার দিনের মধ্যে আস্তে আস্তে কমে যায়। এ ছাড়া সমস্যা জটিল মনে করলে বিশেষজ্ঞ চিকিৎসকের শরণাপন্ন হোন, ভালো থাকুন।